

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
গোর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ মার্চ, ২০১৫ খ্রিঃ

নং ৪৬.০০.০০০০.০৬৪.০৩২.০১৮.১২/৩২৯—যেহেতু, আপনি জনাব মোঃ মোস্তফিজুর রহমান, কাউন্সিলর ৯নং ওয়ার্ড, তানোর পৌরসভা, রাজশাহী পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে তানোর থানার মামলা নং-০৭, তারিখ : ১০-০৭-২০১২খ্রিঃ, ধারা ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী/০৩) এর ৭/৯(১)/৩০ এ প্রদত্ত চার্জশীট নম্বর ২৬১, তারিখ : ৩০-১২-২০১২ বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে এবং মামলাটি বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুন্যাল-১ কর্তৃক বিচারার্থে আমলে গ্রহণ করা হয়েছে;

যেহেতু, আপনার বিরুদ্ধে ফৌজদারী মামলার অভিযোগপত্র বিজ্ঞ বিচারিক আদালত কর্তৃক গৃহীত হয়েছে সেক্ষেত্রে তার ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থ পরিপন্থী/প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়;

সেহেতু, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) অনুযায়ী রাজশাহী জেলার তানোর পৌরসভার ৯নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোঃ মোস্তফিজুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী আসাদুজ্জামান
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মুহাম্মাদ আল-আমীন (যুগ্মসচিব), উপপরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(২৭৬৫)

মূল্য : টাকা ৪.০০